

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 25-10-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

- (১) রাজ্যপাল ইন্দ্ৰসেনা বেড্ৰি নাল্লু বলেছেন, সরকার সমস্ত টিবি আক্রান্তদের চিকিৎসার দায়িত্ব নিয়েছে।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গ্রামীণ এলাকার মহিলাদের আর্থ সামাজিক ভিত শক্তিশালী করা উচিত।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্ৰ মোদী আগামীকাল আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।
- (৪) ত্রিপুরা ও হরিয়ানার মধ্যে রঞ্জি টুফির চারদিনের খেলা আজ থেকে রোতকে শুরু হয়েছে।

Governor :

রাজ্যপাল ইন্দ্ৰসেনা বেড্ৰি নাল্লু বলেছেন, সরকার সমস্ত টিবি আক্রান্তদের চিকিৎসার দায়িত্ব নিয়েছে। আজ আগরতলায় সুকান্ত একাডেমিতে টিবি রোগমুক্ত ভারত গড়তে প্রধানমন্ত্রী টিবি মুক্ত ভারত অভিযানে এক অনুষ্ঠানে একথা বলেন তিনি। তিনি আজ রোগীদের হাতে খাবারের ঝুড়ি তুলে দেন। রোটোরি ক্লাবের সহযোগিতায় নিপকো ২০০ জন টিবি রোগীকে ছয় মাসের জন্য খাদ্য সামগ্রী দিয়ে সাহায্য করার প্রশংসা করেছেন রাজ্যপাল। তিনি বলেন, টিবি রোগীদের চিকিৎসার জন্য রাজ্য সরকার ভাল কাজ করছে।

Byte-Governor

CM Samriddhi :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গ্রামীণ এলাকার মহিলাদের আর্থ সামাজিক ভিত শক্তিশালী করা উচিত। এই উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার গ্রামীণ এলাকার মহিলাদের উন্নয়নে বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে। প্রকল্পগুলির রাজ্যেও যথাযথভাবে বাস্তবায়নের কাজ চলছে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে 'সমৃদ্ধি' প্রকল্পের অধীনে 'লাখপতি দিদি' তৈরির কর্মসূচির উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, এই কর্মসূচির লক্ষ্য হলো গ্রামীণ মহিলাদের আর্থিক ক্ষমতায়ন, যার অংশ হিসেবে 'সমৃদ্ধি' প্রচারণার মাধ্যমে এক লক্ষ লাখপতি দিদি ১০০ কোটি টাকা কমিউনিটি ফান্ড হিসাবে বিতরণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। তিনি বলেন, বিকশিত ভারতের যে ঘোষণা কেন্দ্রীয় সরকার দিয়েছে সেই দিকে লক্ষ্য রেখে বিকশিত ত্রিপুরা গড়ার দিকে এগিয়ে চলেছে সরকার। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে সরকারি চাকুরিতে মহিলাদের ৩৩ শতাংশ সংরক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া সরকারি বিভিন্ন বাজার স্টল এবং শপিং কমপ্লেক্সে মহিলাদের জন্য ৫০ শতাংশ স্টল বরাদ্দ রাখা হচ্ছে। এর ফলে মহিলারা আরও বেশি করে ব্যবসা বাণিজ্যের প্রতি আকর্ষিত হচ্ছেন। তিনি আরো বলেন, সারা রাজ্যে মোট ১ লক্ষ ৭৭ হাজার ৯৮৭ জন মহিলা এবং মেয়েদের সামাজিক সুরক্ষা পেনশন প্রকল্পের আওতায় আনা হয়েছে। দক্ষতা বৃদ্ধি এবং কর্মসংস্থানের জন্য সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে ৪৫ জন নির্বাচিত মহিলা ও মেয়েদের ড্রাইভিং এ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী মাত্র পুষ্টি উপহার প্রকল্পে ২১,৫৫১ জন মহিলাকে সহায়তা করা হয়েছে। প্রধানমন্ত্রী মাত্রবন্দনা যোজনায় ১,৪২,৭৫৯ জন মহিলাকে সহায়তা দেওয়া হয়েছে।

#####Byte-CM#####

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গ্রামোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং, ত্রিপুরা স্টেট কো-অপারেটিভ ব্যাংক এর চেয়ারম্যান নাগাধিরাজ দত্ত, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের সিইও তড়িৎ কান্তি চাকমা প্রমুখ।

MBB Airport–New Flight :

আগামীকাল থেকে আগরতলা ও পশ্চিমবঙ্গের বাগডোগরা বিমানবন্দরের মধ্যে সরাসরি বিমান চলাচল শুরু হবে। এই রুটে সপ্তাহের প্রতিদিন বিমান চালাবে ইন্ডিগো বিমান সংস্থা। আগরতলা বিমানবন্দরের সহকারী জেনারেল ম্যানেজার হউকিম জেম্পু জানিয়েছেন, বাগডোগরা ছাড়াও আগামী ২৮শে অক্টোবর থেকে সপ্তাহের প্রতি মঙ্গলবার ও শুক্রবার আসামের শিলচর-আগরতলা রুটে পুনরায় বিমান চলাচল শুরু হবে।

এনিয়ি আগরতলার সঙ্গে দেশের ১০টি স্থানে বিমান সংযোগ চালু হচ্ছে। আগরতলা থেকে ইতিমধ্যেই কোলকাতা, দিল্লি, ইম্ফল, ব্যাঙ্গালুরু, হায়দরাবাদ, ডিব্রুগড়, গুয়াহাটি ও চেন্নাইয়ের মধ্যে বিমান পরিষেবা রয়েছে। বিমানবন্দরের সহকারী জেনারেল ম্যানেজার জানান, বিমানযাত্রী পরিষেবার নিরিখে অর্থাৎ যাত্রী স্বাচ্ছন্দ্যের সূচক অনুযায়ী আগরতলা এম বি বি বিমানবন্দর সারা দেশে ১০ম স্থানে রয়েছে। বর্তমানে প্রতিদিন আগরতলায় ৩৪টি বিমান ওঠানামা করে, যেখানে গড়ে প্রতিদিন ৫০০০ যাত্রী যাওয়া আসা করে থাকে।

CM :

মুখ্যমন্ত্রীর অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়নের ফলে রাজ্যের স্বাস্থ্য পরিষেবার প্রতি মানুষের আস্থা বেড়েছে। আজ আগরতলার সরকারী মেডিকেল কলেজের অডিটোরিয়ামে দুদিনব্যাপী ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন অফ প্যাথলজি ও মাইক্রোবায়োলজি উত্তর-পূর্বাঞ্চল চ্যাপ্টারের ৩৪তম বার্ষিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যে বিভিন্ন জেলা ও মহকুমা হাসপাতালগুলিতেও পরিষেবার উন্নয়ন ও পরিকাঠামো সম্প্রসারণ করা হচ্ছে। আগরতলা সরকারী মেডিকেল কলেজে চারটি সফল কিডনি প্রতিস্থাপনের পর এবার হার্ট ও লিভার প্রতিস্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংগঠনের উত্তর পূর্বাঞ্চলের

দায়িত্বপ্রাপ্ত সভাপতি ডক্টর রমিকা বড়ুয়া, অর্গানাইজিং চেয়ারম্যান ডক্টর সঞ্জয় নাথ। উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে, স্বাস্থ্য অধিকর্তা ডক্টর তপন মজুমদার প্রমুখ।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর, ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও 'মন-কি-বাত' সম্প্রচারিত হবে।

Chhath Puja :

চারদিনব্যাপী ছট পূজা আজ থেকে শুরু হয়েছে। আজ প্রথম দিনে ভক্তরা নদী ও জলাশয়ে পুণ্যস্নান করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছট পূজো উপলক্ষে দেশ ও বিশ্বজুড়ে ভক্তদের উষ্ণ শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে তিনি সমস্ত ব্রতীদের অটল ভক্তির প্রতি শ্রদ্ধা জানিয়েছেন এবং এই চার দিনের উৎসবের গভীর সাংস্কৃতিক তাৎপর্য তুলে ধরেছেন।

এদিকে, ছট পূজা উপলক্ষ্যে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে বিভিন্ন রুটে যাত্রীদের আরামদায়ক, সুরক্ষিত এবং মনোরম উৎসব ভ্রমণ নিশ্চিত করার জন্য একাধিক যাত্রীবান্ধব ব্যবস্থা চালু করেছে। বিহারের কাটিহার, কিষাণগঞ্জ, বারসোই এবং জোগবানি সহ প্রধান প্রধান স্টেশনগুলিতে মধুর ছট গীতের মাধ্যমে উৎসবের আমেজ জীবন্ত হয়ে উঠেছে, যা সমস্ত ভ্রমণকারীদের জন্য এক উষ্ণ এবং আনন্দময় পরিবেশ তৈরি করেছে। এদিকে, রাজ্যেও আগরতলা রেলস্টেশন সহ বিভিন্ন স্টেশন থেকে ছট পূজা উপলক্ষ্যে যে সমস্ত যাত্রী বিহার সহ দেশের বিভিন্ন স্থানে নিজ নিজ বাড়ি যাচ্ছেন সেই সমস্ত যাত্রীদের স্বাচ্ছন্দ্যের জন্য রেল কর্তৃপক্ষ সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। আজ সন্ধ্যায় আগরতলা রেলস্টেশন থেকে বিহারের উদ্দেশ্যে রওনা হওয়ার সময় সুনীল কুমার নামে এক যাত্রী ছট পূজা উপলক্ষ্যে রেল পরিষেবায় সন্তোষ প্রকাশ করেন।

#####Byte-Sunil Kumar#####

Tribal Welfare Minister :

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ তেলিয়ামুড়া মহকুমার মুঙ্গিয়াকামী ব্লকের পূর্ব লক্ষ্মীপুর এডিসি ভিলেজের চামপ্লাই এলাকায় রেশন ভোক্তাদের হাতে ডিজিটাল রেশন কার্ড তুলে দেন। তিনি বলেন, কাগজের রেশন কার্ডের পরিবর্তে ডিজিটাল কার্ড ব্যবহার প্রশাসনিকভাবে নিরাপদ।

Ningol Chakouba :

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ আগরতলার অভয়নগরের পুখিবা দেবতা বাড়িতে অনুষ্ঠিত নিংগোল চাকৌবা সেলিব্রেশন-২০২৫ অনুষ্ঠানের উদ্বোধন করেন। তিনি বলেন, মণিপুরি সমাজে উৎসবটি ভাই-বোনের স্নেহ ও পারিবারিক বন্ধনের প্রতীক। এই উৎসবের মাধ্যমে সমাজে ঐক্য ও সম্প্রীতি আরও দৃঢ় হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

Ranji Trophy :

ত্রিপুরা ও হরিয়ানার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে রোতকে শুরু হয়েছে। লাহলির চৌধুরী বংশীলাল স্টেডিয়ামে টেসে জিতে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে মাত্র ১২৬ রান করে। জবাবে খেলতে নেমে স্বাগতিক হরিয়ানা প্রথম ইনিংসে লিড নিয়ে প্রথম দিনের শেষে ৮ উইকেট হারিয়ে ১৫৫ রান করে। রাজ্যদলের স্বপ্নীল সিং ৬৬ রানে ৫টি উইকেট পান।

State Level Red Run Competition :

যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় এইচআইভি/এইডস রোগ, বাল্যবিবাহ প্রভৃতি সামাজিক ব্যাধি দূরীকরণে জনগণকে আরও সচেতন করে তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ উমাকান্ত একাডেমী প্রাঙ্গণে রাজ্যভিত্তিক রেড রান প্রতিযোগিতার উদ্বোধন করে তিনি একথা বলেন। এই রেড রান প্রতিযোগিতায় ১০ কিমি বালক বিভাগে এবং ১০ কিমি বালিকা বিভাগে রাজ্যের বিভিন্ন মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয়, এনএসএস এবং বিভিন্ন এনজিও থেকে প্রায় ১৬০০ জন প্রতিনিধি অংশ নেন। প্রতিযোগিতার উদ্বোধন করে শ্রী রায় বলেন, এইচআইভি/এইডস রোগ ও বাল্যবিবাহ রোধ করা সরকারের পক্ষে একা সম্ভব নয়। এই কাজে সমাজের সবাইকেই এগিয়ে আসতে হবে। তিনি বলেন, এই সামাজিক ব্যাধি সম্পর্কে আমাদের সচেতন থাকতে হবে। বিশেষ করে বর্তমান প্রজন্মের যুবক-যুবতীদের এ

বিষয়ে সচেতন করে তোলার উদ্যোগ নিতে হবে। স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, আগামী ৩০শে অক্টোবর ডিমাপুরে ন্যাশনাল এইডস কন্ট্রোল অর্গানাইজেশনের উদ্যোগে জাতীয়স্তরে রেড রান প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

Cyclone-Montha :

ভারতীয় আবহাওয়া বিভাগের পক্ষ থেকে আজ সন্ধ্যায় জানানো হয়েছে, দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগরের ওপর অবস্থানরত একটি নিম্নচাপ আরও ঘনীভূত হয়েছে। তা ধীরে ধীরে পশ্চিম-উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে এবং আগামীকালের মধ্যে গভীর নিম্নচাপে পরিণত হবার পর আগামী ২৭শে অক্টোবর সকালে এটি একটি ঘূর্ণিঝড়ে ‘মন্থা’র রূপ নিতে পারে। ঘূর্ণিঝড়টি আগামী ২৮শে অক্টোবর আছড়ে পড়বে। এর প্রভাবে ওড়িশা ও অন্ধ্রপ্রদেশে ২৭ থেকে ২৯শে অক্টোবর ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এই ঘূর্ণিঝড়ের প্রভাবে আগামী ২৯ থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত ত্রিপুরা সহ আসাম, মেঘালয়, মণিপুর, নাগাল্যান্ড, মিজোরাম ও অরুণাচল প্রদেশে বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।
